# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. FIFTH SEMESTER EXAMINATION, DECEMBER 2016**
**THIRD YEAR (BATCH 2014-17)**
**BENGALI (Honours)**

Date : 13/12/2016
Time : 11 am – 3 pm

Paper : V

Full Marks : 84

প্রতিটি বিভাগের জন্য পৃথক পৃথক উত্তরপত্রের ব্যবহার আবশ্যিক। বিভাগ-'খ' -এর উত্তর নির্দিষ্ট উত্তরপত্রে লিখতে হবে। পরীক্ষা-পরিদর্শক পরীক্ষা শুরু হওয়ার ২৫ মিনিট পর বিভাগ-'খ' -র উত্তরপত্র সংগ্রহ করবেন ছাত্রদের কাছ থেকে।

## বিভাগ - ক

১। বাংলা গদ্যসাহিত্যের ইতিহাসে প্রমথ চৌধুরীর অবদান প্রসঙ্গে আলোচনা করো।

**অথবা** (১১)

বাংলা গদ্যাসাহিত্যের ধারায় শঙ্খ ঘোষের রচনাশৈলী সম্পর্কে আলোচনা করো।

২। **একটি** গ্রন্থ সম্পর্কে টীকা লেখো। (১ × ৪)

কালান্তর, সময়ের জলছবি।

৩। বাংলা সাময়িক পত্রের ইতিহাসে 'প্রবাসী' পত্রিকার গুরুত্ব নির্ণয় করো।

**অথবা** (১১)

'কবিতা' পত্রিকা প্রসঙ্গে আলোচনা উপস্থাপন করো।

৪। যে কোনো **একটি** পত্রিকা সম্পর্কে টীকা লেখো। (১ × ৪)

এক্ষণ, অনুষ্টুপ

৫। 'পথের পাঁচালী' উপন্যাসের নামকরণ প্রসঙ্গে আলোচনা করো।

**অথবা** (১০)

'পথের পাঁচালী' উপন্যাসের নারী চরিত্রগুলি সম্পর্কে কথাকারের দৃষ্টিভঙ্গী বিশ্লেষণ করে দেখাও।

৬। ''হঠাৎ অপুর মন এক বিচিত্র অনুভূতিতে ভরিয়া গেল।'' অনুভূতিটি কী? (২)

**অথবা**

''অ্যাঁ? এটা নাট্যশালা নাকি?''—কে বলেছেন? কেন বলেছেন? (১ + ১)

৭। 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের আঞ্চলিক উপাদান প্রসঙ্গে জানাও।

**অথবা** (১০)

'পদ্মানদীর মাঝি' উপন্যাসের সমাজজীবন বিশ্লেষণ করে দেখাও।

৮। ''না? লইয়া যাইবে না কুবের? আই গো কুবেরের পাষাণ প্রাণ।''—কাকে, কোথায় নিয়ে যেতে চাইছে না কুবের? (১ + ১)

**অথবা**

'বিবর্ণ মুখে কুবের মাথা হেঁট করিয়া থাকে।'—কেন? (২)

৯। 'ফসিল' গল্পে মুখার্জি চরিত্রটি গল্পে কী ভূমিকা গ্রহণ করেছে, ব্যাখ্যা করো।

**অথবা** (১১)

''অবতরণিকা'য় আরতিকে লড়তে হয়েছে ঘরে এবং বাইরে''—আলোচনা করো।

১০। ‘‘এ বৌটার পরমায়ু আছে, তাই কলেরায় মরল না বাবা।... পারেন ত’ নিজেই খেয়ে ফেলুন।’’—কে বলেছে একথা? বক্তার চরিত্রের কোন দিক এখানে প্রকাশিত? (১ + ৩)

<u>অথবা</u>

‘‘প্র্যাকটিস বেশ জমিয়ে নিয়েছেন স্বামীজী তিন বছরের মধ্যে’’—স্বামীজীর পুরো নাম কী? কীভাবে তার প্র্যাকটিস জমে উঠেছে? (১ + ৩)

১১। স্বপ্ন কীভাবে বাস্তবের সঙ্গে সমঝোতা করে, তার পরিচয় ‘সুন্দর হে সুন্দর’ গল্প। আলোচনা করো।

<u>অথবা</u> (১১)

আমাদের সব সাবধানতাকে পেছনে ফেলে দেয় মানবিক সম্পর্কের আবেদন। বিষয়টি ‘আট নম্বর প্ল্যাটফর্মের মহিলাটি’ গল্পে কীভাবে দেখা গেছে?

১২। ‘‘ওরা সবাই অন্ধকার থেকে অন্ধকারে পালিয়ে বেড়াচ্ছে, ভবিষ্যতের এক আশ্চর্য আলোর সম্ভাবনায়।’’ উক্তিটির তাৎপর্য কী? (৪)

<u>অথবা</u>

‘‘বাবা আমরার মাছ নিছেগি, আমরার মাছ নিছেগি।’’—কে বলেছে? কেন বলেছে? (১ + ৩)

———— × ————

**RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA**

**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**B.A./B.Sc. FIFTH SEMESTER EXAMINATION, DECEMBER 2016**

**THIRD YEAR (BATCH 2014-17)**

**BENGALI (Honours)**

Date : 13/12/2016

Time : 11 am – 3 pm

Paper : V

Full Marks : 16

Reg. No :______________________________ Admit Roll No. : ______________________________

বিভাগ 'খ' এর উত্তর নির্দিষ্ট উত্তরপত্রের মধ্যে দেওয়ার জন্য ছাত্ররা সময় পাবে পরীক্ষা শুরুর প্রথম ২৫ মিনিট। ২৫ মিনিট পর পরীক্ষা-পরিদর্শকরা বিভাগ 'খ' এর উত্তরপত্র সংগ্রহ করবেন ছাত্রদের কাছ থেকে।

**বিভাগ - খ**

সঠিক উত্তরটির পাশে (✓) চিহ্ন বসাও ঃ

অ) নিম্নরেখ পদগুলির কারক-বিভক্তি নির্ণয় কর ঃ (০.৫ × ১৬)

১। তার মরণে ভয় নেই।

ক) কর্ম কারকে 'এ' বিভক্তি। খ) করণ কারকে 'এ' বিভক্তি।

গ) অপাদান কারকে 'এ' বিভক্তি। ঘ) অধিকরণ কারকে 'এ' বিভক্তি।

২। লোকেরা তাস খেলে।

ক) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি। খ) করণ কারকে 'শূন্য' বিভক্তি।

গ) অপাদান কারকে 'শূন্য' বিভক্তি। ঘ) অধিকরণ কারকে 'শূন্য' বিভক্তি।

৩। বৃথা গঞ্জি তোমা।

ক) কর্তৃ কারকে 'শূন্য' বিভক্তি। খ) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি।

গ) করণ কারকে 'শূন্য' বিভক্তি। ঘ) অধিকরণ কারকে 'শূন্য' বিভক্তি।

৪। সে আনন্দে নাচছে।

ক) কর্ম কারকে 'এ' বিভক্তি। খ) করণ কারকে 'এ' বিভক্তি।

গ) নিমিত্ত কারকে 'এ' বিভক্তি। ঘ) অপাদান কারকে 'এ' বিভক্তি।

৫। মন্দিরে পূজা হয়।

ক) কর্ম কারকে 'এ' বিভক্তি। খ) করণ কারকে 'এ' বিভক্তি।

গ) অপাদান কারকে 'এ' বিভক্তি। ঘ) অধিকরণ কারকে 'এ' বিভক্তি।

৬। নবকুমারকে বাঘে খেয়েছে।

ক) কর্তৃ কারকে 'এ' বিভক্তি। খ) কর্ম কারকে 'এ' বিভক্তি।

গ) করণ কারকে 'এ' বিভক্তি। ঘ) অধিকরণ কারকে 'এ' বিভক্তি।

৭। পুরাণের গল্প শুনি ।

ক) কর্ম কারকে 'এর' বিভক্তি। খ) করণ কারকে 'এর' বিভক্তি।

গ) সম্বন্ধ পদে 'এর' বিভক্তি। ঘ) সম্বোধন পদে 'এর' বিভক্তি।

৮। হাসিতে তার মুক্তো ঝরে।

ক) কর্ম কারকে 'তে' বিভক্তি। খ) করণ কারকে 'তে' বিভক্তি।

গ) অপাদান কারকে 'তে' বিভক্তি। ঘ) অধিকরণ কারকে 'তে' বিভক্তি।

৯। তিলে তেল হয়।

ক) কর্ম কারকে 'এ' বিভক্তি। খ) করণ কারকে 'এ' বিভক্তি।
গ) অপাদান কারকে 'এ' বিভক্তি। ঘ) অধিকরণ কারকে 'এ' বিভক্তি।

১০। ছাত্রকে বেত মেরো না।

ক) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি। খ) করণ কারকে 'শূন্য' বিভক্তি।
গ) অপাদান কারকে 'শূন্য' বিভক্তি। ঘ) অধিকরণ কারকে 'শূন্য' বিভক্তি।

১১। রেখো মা, দাসেরে মনে।

ক) কর্তৃ কারকে 'শূন্য' বিভক্তি। খ) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি।
গ) সম্বন্ধ পদে 'শূন্য' বিভক্তি। ঘ) সম্বোধন পদে 'শূন্য' বিভক্তি।

১২। বাসের চাকরি পেল সে ।

ক) কর্ম কারকে 'এর' বিভক্তি। খ) নিমিত্ত কারকে 'এর' বিভক্তি।
গ) সম্বন্ধ পদে 'এর' বিভক্তি। ঘ) সম্বোধন পদে 'এর' বিভক্তি।

১৩। কাকা, তোমার দুটি পায়ে পড়ি।

ক) কর্তৃ কারকে 'শূন্য' বিভক্তি। খ) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি।
গ) সম্বন্ধ পদে 'শূন্য' বিভক্তি। ঘ) সম্বোধন পদে 'শূন্য' বিভক্তি।

১৪। কল দিয়ে জল পড়ে না।

ক) কর্ম কারকে 'দিয়ে' অনুসর্গ। খ) করণ কারকে 'দিয়ে' অনুসর্গ।
গ) অপাদান কারকে 'দিয়ে' অনুসর্গ। ঘ) অধিকরণ কারকে 'দিয়ে' অনুসর্গ।

১৫। কোদাল দিয়ে মাটি কোপায়।

ক) কর্ম কারকে 'দিয়ে' অনুসর্গ। খ) করণ কারকে 'দিয়ে' অনুসর্গ।
গ) অপাদান কারকে 'দিয়ে' অনুসর্গ। ঘ) অধিকরণ কারকে 'দিয়ে' অনুসর্গ।

১৬। ওরে ও গফরা, ঘরে আছিস্?

ক) কর্তৃ কারকে 'শূন্য' বিভক্তি। খ) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি।
গ) সম্বন্ধ পদে 'শূন্য' বিভক্তি। ঘ) সম্বোধন পদে 'শূন্য' বিভক্তি।

আ) ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় কর : (০.৫ × ১৬)

১। চন্দ্রচূড়—

ক) চন্দ্রের নিমিত্ত চূড়া (নিমিত্ত তৎপুরুষ) খ) চন্দ্রের ন্যায় চূড়া (উপমান কর্মধারয়)
গ) চন্দ্র চূড়ার ন্যায় (উপমিত কর্মধারয়) ঘ) চন্দ্র চূড়ায় যাহার (বহুব্রীহি)

২। রাজভৃত্য—

ক) রাজার ভৃত্য (সম্বন্ধ তৎপুরুষ) খ) ভৃত্যের রাজা (সম্বন্ধ তৎপুরুষ)
গ) রাজার ন্যায় ভৃত্য (উপমান কর্মধারয়) ঘ) রাজা প্রতিপালিত ভৃত্য (মধ্যপদলোপী কর্মধারয়)

৩। দাদাঠাকুর—

ক) দাদার ঠাকুর (সম্বন্ধ তৎপুরুষ) খ) দাদা ঠাকুরের ন্যায় (উপমিত কর্মধারয়)
গ) দাদার পূজনীয় ঠাকুর (মধ্যপদলোপী কর্মধারয়) ঘ) যিনি দাদা তিনি ঠাকুর (কর্মধারয়)

৪। কাজলকালো—

ক) কাজল আবৃত কালো (মধ্যপদলোপী কর্মধারয়) খ) কাজলের ন্যায় কালো (উপমান কর্মধারয়)
গ) কাজল কালোর ন্যায় (উপমিত কর্মধারয়) ঘ) কাজল রূপ কালো (রূপক কর্মধারয়)

৫। হাটেবাজারে—

ক) হাট ও বাজার (দ্বন্দ্ব)
খ) হাটে ও বাজারে (অলোপ দ্বন্দ্ব)
গ) হাটের ন্যায় বাজার (উপমান কর্মধারয়)
ঘ) হাট বাজারের ন্যায় (উপমিত কর্মধারয়)

৬। পঞ্চানন—

ক) পঞ্চ আননের সমাহার (দ্বন্দ্ব)
খ) পঞ্চ আনন যাহার (বহুব্রীহি)
গ) পঞ্চ ও আনন (দ্বন্দ্ব)
ঘ) পঞ্চের ন্যায় আনন (উপমান কর্মধারয়)

৭। পঙ্কজ—

ক) পঙ্ক দ্বারা জাত (করণ তৎপুরুষ)
খ) পঙ্কে জন্মে যাহা (উপপদ তৎপুরুষ)
গ) পঙ্কে জন্ম যাহার (বহুব্রীহি)
ঘ) পঙ্ক হইতে জাত (অপাদান তৎপুরুষ)

৮। অরিন্দম—

ক) অরিকে দমন (কর্ম তৎপুরুষ)
খ) অরি দ্বারা দমন (করণ তৎপুরুষ)
গ) অরি হইতে দমন (অপাদান তৎপুরুষ)
ঘ) অরিকে দমন করে যে (উপপদ তৎপুরুষ)

৯। পঞ্চবটী—

ক) পঞ্চ বট যাহার (বহুব্রীহি)
খ) পঞ্চবটের সমাহার (দ্বিগু)
গ) পঞ্চ যে বট (কর্মধারয়)
ঘ) পঞ্চের জন্য বট (নিমিত্ত তৎপুরুষ)

১০। সিংহাসন—

ক) সিংহ চিহ্নিত আসন (মধ্যপদলোপী কর্মধারয়)
খ) সিংহের ন্যায় আসন (উপমান কর্মধারয়)
গ) সিংহ আসনের ন্যায় (উপমিত কর্মধারয়)
ঘ) সিংহ রূপ আসন (রূপক কর্মধারয়)

১১। নির্লজ্জ—

ক) নয় লজ্জা (নঞ্ তৎপুরুষ)
খ) নাই লজ্জা যাহার (নঞ্ বহুব্রীহি)
গ) লজ্জার অভাব (উপসর্গ তৎপুরুষ)
ঘ) লজ্জা দ্বারা হীন (করণ তৎপুরুষ)

১২। নীলাকাশ—

ক) নীলের ন্যায় আকাশ (উপমান কর্মধারয়)
খ) নীল আকাশ যাহার (বহুব্রীহি)
গ) নীল যে আকাশ (কর্মধারয়)
ঘ) নীল আকাশের ন্যায় (উপমিত কর্মধারয়)

১৩। বিদ্যাহীন—

ক) বিদ্যা নাই যাহার (নঞ্ বহুব্রীহি)
খ) বিদ্যা হইতে হীন (অপাদান তৎপুরুষ)
গ) বিদ্যাতে হীন (অধিকরণ তৎপুরুষ)
ঘ) বিদ্যা দ্বারা হীন (করণ তৎপুরুষ)

১৪। পাঠাগার—

ক) পাঠের দ্বারা আগার (করণ তৎপুরুষ)
খ) পাঠ হইতে আগার (অপাদান তৎপুরুষ)
গ) পাঠের নিমিত্ত আগার (নিমিত্ত তৎপুরুষ)
ঘ) পাঠ করা হয় যেখানে (বহুব্রীহি)

১৫। গোমুখ—

ক) গো এর ন্যায় মুখ (উপমান কর্মধারয়)
খ) গো মুখের ন্যায় (উপমিত কর্মধারয়)
গ) গো এর ন্যায় মুখ যাহার (উপমান বহুব্রীহি)
ঘ) গো এর মুখের ন্যায় মুখ যাহার (উপমান বহুব্রীহি)

১৬। দেশান্তর—

ক) দেশের অন্তর (সম্বন্ধ তৎপুরুষ)
খ) দেশ হইতে অন্তর (অপাদান তৎপুরুষ)
গ) অন্য দেশ (নিত্য সমাস)
ঘ) দেশ অন্তর যাহার (বহুব্রীহি)

———— × ————